



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/27/2025

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর HOCHUL ঘোষণা করলেন যে ইন্টারন্যাশনাল হলোকাস্ট রিমেমব্রেন্স ডে-এর স্বীকৃতিতে নিউ ইয়র্ক স্টেটের ল্যান্ডমার্কসমূহকে আলোকিত করা হবে

**27 জানুয়ারি সন্ধ্যায় 14টি ল্যান্ডমার্ককে হলুদ আলোয় আলোকিত করা হবে**

ইন্টারন্যাশনাল হলোকাস্ট রিমেমব্রেন্স ডে-এর (International Holocaust Remembrance Day) স্বীকৃতিতে গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে ঘোষণা করেছেন যে হলোকাস্টের সময় হত্যা করা ছয় মিলিয়ন ইহুদির সম্মানে নিউ ইয়র্ক স্টেটের (New York State) ল্যান্ডমার্কসমূহকে আজকে সন্ধ্যায় হলুদ আলোয় আলোকিত করা হবে।

"হলোকাস্ট রিমেমব্রেন্স ডে-তে আমরা নাৎসি শাসনের সময়ে হত্যা হওয়া ছয় মিলিয়ন ইহুদির কথা মনে করছি," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "অসউইজ (Auschwitz) স্বাধীন হওয়ার 80 বছর পর, ইহুদিবিরোধী ঘৃণা মাথা চাড়া দিয়ে উঠলেই তার বিরুদ্ধে দাঁড়ানোর মাধ্যমে আমাদেরকে তাদের স্মৃতিকে অবশ্যই সম্মান জানাতে হবে যাদেরকে আমাদের থেকে কেড়ে নেওয়া হয়েছিলো।"

যেসব বিখ্যাত স্থানগুলি আলোকিত করা হবে তার মধ্যে আছে:

- ওয়ান ওয়ার্ল্ড ট্রেড সেন্টার (One World Trade Center, 1WTC)
- অ্যালবানি আন্তর্জাতিক বিমানবন্দর গেটওয়ে (Albany International Airport Gateway)
- আলফ্রেড ই. স্মিথ স্টেট অফিস বিল্ডিং (Alfred E. Smith State Office Building)
- এম্পায়ার স্টেট প্লাজা
- ইরি ক্যানেলের উপরস্থ ফেয়ারপোর্ট লিফট ব্রিজ
- গভর্নর মারিও এম. কুওমো ব্রিজ (Mario M. Cuomo Bridge)
- কস্কুইজকো ব্রিজ (Kosciuszko Bridge)
- ময়নিহান ট্রেন হল (Moynihan Train Hall)
- MTA LIRR - ইস্ট এন্ড গেটওয়ে যা পেন স্টেশনে আছে
- ন্যায়াগ্রা জলপ্রপাত (Niagara Falls)
- রাষ্ট্রীয় শিক্ষা ভবন
- স্টেট ফেয়ারগ্রাউন্ডস - প্রধান গেট ও এক্সপো সেন্টার (State Fairgrounds - Main Gate & Expo Center)
- এইচ. কার্ল ম্যাককল সানি বিল্ডিং

- “ফ্রাঙ্কলিন ডেলানো রুজভেল্ট” মধ্য-হাডসন ব্রিজ (“Franklin D. Roosevelt” Mid-Hudson Bridge)

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে [www.governor.ny.gov](http://www.governor.ny.gov) -এ  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418  
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: [ny.gov/signup](http://ny.gov/signup) | NEW YORK লিখে 81336 নম্বরে  
টেক্সট পাঠান

[আনসাবস্কাইব করুন](#)